''প্রতিদিন অন্তঃত একবার কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট _www.bteb.gov. bd) ভিজিট করুন এবং আপানার প্রতিষ্ঠানের ইমেল ওপেন করুন''

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ- কৃষি শাখা

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

web site : www.bteb.gov. bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০১.১৮-৬৬ **তারিখঃ ০৮-০৮-২০১৮খ্রিঃ**

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগার শিক্ষা বোর্ডের আওতাধীন ০৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ এবং ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের ২য় পর্ব পরিপূরক পরীক্ষা ২০১৮ আগামী ১৬-০৯-২০১৮ খ্রিঃ তারিখ রোজ রবিবার হতে নিজস্ব প্রতিষ্ঠানে/কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার জন্য এক বা দুই বিষয়ে তাত্বিক /ব্যবহারিক অংশে অকৃতকার্য পরীক্ষার্থীদের বিষয় ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যার তালিকা আগামী ৩০-০৮-২০১৮ খ্রিঃ মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) বরাবর জমা দিতে হবে। উক্ত পরীক্ষার ছাত্র/ছাত্রীদের সম্ভাব্য তালিকা প্রতিষ্ঠানভিত্তিক **(Printout Copy)** বোর্ডের **Website** -এ পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফি জমা দানপূর্বক স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম পুরণের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রামত্ম অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ২.৪ নং ''ছকে'' দেওয়া আছে যা বোর্ডের Website এর মাধ্যেমে ও জানা যাবে।

১। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের হারঃ

ক্রঃ নং	ফি এর খাত	ফি এর পরিমান	ইন্সটিটিউটের অংশ	বোর্ডের অংশ
ক.	২য় পর্ব পরিপূরক পরীক্ষার ফি	৪৫০/-	২২৫/-	২২৫/-
খ.	নম্বরপত্র ফি	৫০/-	৫০/-	-
গ.	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি বিষয়) যদি থাকে	২৫/-	২৫/-	-
ঘ.	বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে)	৩০০/-	-	৩০০/-
ঙ.	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথা সময়ে জমা দিতে বিলম্ব হলে প্রতিষ্ঠানের জরিমানা	২৫০০/-	-	২৫০০/-

২. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও ফিসমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতিঃ

২.১ সরকারি ও বেসরকারি কৃষি ডিপ্লোমা শিক্ষা প্রতিষ্ঠান- এর সংশিস্নষ্ট পরীক্ষার্থীর নিকট হতে আদায়কৃত বোর্ডের অংশ সমূহের সমুদয় অর্থ সমুদয় অর্থ সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট কততে হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ কৃষি/টেক্সঃ শাখা (৬ষ্ঠ তলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে।

২.২ পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্তকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

২.২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না। পরীক্ষা সংক্রামত্ম প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ন দলিলাদি একটি রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুদের পরিমান সংরক্ষন করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে।

২.৩ ২য় পর্ব এক বা দুই বিষয়ে তাত্বিক/ব্যবহারিক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের অন-লাইনে মাধ্যমে ফরম ফিলাপ করতে হবে। ওয়েব সাইটে দেয়া তথ্যের হার্ড কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং পরীক্ষার্থীর স্বাক্ষরসহ কৃষি শাখায় জমা দিতে হবে।

২.৪ নিম্নোক্ত ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা পরীক্ষার ফি গ্রহণ ও প্রবেশপত্র বিতরণ করা হবে।

শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া অন লাইনে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে(৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকাসহ অত্রবোর্ডে ব্যাংক ড্রাফট জমা গ্রহনের শেষ তারিখ	নির্ধারিত তারিখের পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা স্বাপেক্ষে ''ব্যাংক ড্রাফট'' ০৩/০৯/১৮খ্রিঃ তারিখ পর্যমত্ম গ্রহণ করা হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রামত্ম প্রয়োজনীয় কাগজপত্র গ্রহনের তারিখ	প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ
১২/০৮/১৮ খ্রিঃ হতে ২৭/০৮/১৮খ্রিঃ	২৮/০৮/১৮খ্রিঃ	৩০/০৮/১৮ খ্রিঃ		১০/০৯/১৮খ্রিঃ	১২/০৯/১৮খ্রিঃ

উপরোক্ত ছকের বর্ণিত তারিখে ফরম ফিলাপ করার পর ঐ দিনই প্রিন্ট আউট কপি প্রিন্ট করতে হবে।

৩.০ পরীক্ষা সংক্রামন্ত সকল বিষয়ের যোগাযোগ নিম্ন বর্ণিত ''ছক'' অনুযায়ী হবে।

তারিখঃ.......................... বিষয় কোডঃ .... কেন্দ্র কোডঃ...................... প্রেরক কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রের নামঃ উপজেলা ঃ	প্রাপকঃ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) ৬ষ্ঠ তলা- কৃষি শাখা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আগাগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪.০ নিম্ন বর্ণিত ছক মোতাবেক সকল পরীক্ষার্থীর বিশদ বিবরণ প্রেরণ অত্যাবশ্যকঃ-

ক্রঃ নং	পরীক্ষার্থীরনাম ও বোর্ড রোল নম্বর	রেজিঃ নং ও সন	পরীক্ষার ফি	২য়পর্বের এক বা দুই বিষয়ে তাত্বিক /ব্যবহারিক অকৃতকার্য বিষয়সমূহ	বিলম্ব ফি	মোট টাকা	ব্যাংক ড্রাফট নং ও তারিখ	মত অব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

৪.১ পরিপূরক পরীক্ষার ফিবাবদ আদায়কৃত প্রতিষ্ঠানের প্রাপ্য অংশ হতে পরীক্ষা সংক্রান্ত সকল ব্যয় মিটাতে হবে।

৪.২ পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।

স্বাঃ/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০১.১৮-৬৬(২৭৫) **তারিখঃ ০৮-০৮-২০১৮খ্রিঃ**

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হলঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৪। মহা পরিচালক, মৎস অধিদপ্তর , মৎস ভবন,রমনা, ঢাকা।
৫-৮। সচিব/ পরিচালক (কারিকুলাম) /পরিদর্শক/পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। পরিচালক (প্রশিক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক (ফিসারীজ ডিপ্লোমা বাস্তবায়ন প্রকল্প), মৎস্য ভবন, মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা।
১১-৫৮। জেলা প্রসাশক ....।
৫৯।উপ- পরিচালক (প্রশিক্ষণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৬০-৬১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(গোপনীয়),কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচার করে ও প্রবেশপত্র প্রিন্ট করে ৭/০৯/২০১৮ খ্রিঃ কৃষি শাখায় প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬৩-১৬৬। উপজেলা নির্বাহী অফিসার...।
১৬৭-২৭০। অধ্যক্ষ (পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব).......................................।
২৭১-২৭৩। প্রেস ম্যানেজার (মালামাল)/ডকুমেন্টশন অফিসার/সহকারী হিসাব রক্ষণ অফিসার, বাকাশিবো, ঢাকা।
(সংশিস্নষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উত্তরপত্র ও অন্যান্য সকল মালামাল সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করবেন।
২৭৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৭৫। অফিস নথি।

(মোহাম্মদ আলী মিয়া)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২ ৪৮১১০৯৪৯ (অফিস)